



প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের সাহিত্য সেমিনারে বক্তব্য রাখছেন প্রফেসর ড. মোহীত উল আলম

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে মাসিক সাহিত্য সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড় ক্যাম্পাসে ইংরেজি বিভাগের মাসিক সাহিত্য সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গত বুধবার প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের নেতৃত্বে এবং ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় এই সাহিত্য সেমিনার। প্রভাষক জয়নব তাবাসসুম বানু সোনালীর সঞ্চালনায় সেমিনারে সহকারী অধ্যাপক কোহিনুর আক্তার তার ভাষাভিত্তিক গবেষণা পত্র ‘কম্পট্রাক্টিং সাস্টেইনাবিলিটি অর লেট দেম ডু ইট’ এবং সহকারী অধ্যাপক গাজী শাহাদাত হোসাইন তার সাহিত্যভিত্তিক গবেষণা পত্র ‘খালেদ হোসেনিস আ থাউজেন্ড স্পেল্ডিড সানস : আ ফেমিনিস্ট ইন্টারপ্রিটেশন’ উপস্থাপন করেছেন। উল্লেখ্য, আগামী ফেব্রুয়ারি ২০২২ থেকে আরও কিছু গবেষণা পত্র উপস্থাপন করবেন বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। বিভাগের শিক্ষকদের গবেষণামূলক কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার তাগিদে অনুষ্ঠিতব্য সাহিত্য সেমিনারগুলোতে সাহিত্যানুরাগীদের আমন্ত্রণ জানাচ্ছে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগ। প্রেস বিজ্ঞপ্তি।



চট্টগ্রাম শনিবার ১ জানুয়ারি ২০২২

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক পত্রিকা



রেজিঃ নম্বর-৮-৮৯।। ৩৬তম বর্ষ ৩১০তম সংখ্যা।। ২৭ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ।। ২৭ জমাদিনুল আউয়াল ১৪৪৩ হিজরি।। Saturday 1 January 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net f/DailyPurbokone t/DailyPurbokone

প্রিমিয়ার ভার্সিটির ইংরেজি বিভাগে মাসিক সাহিত্য সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে গত বুধবার বেলা ৩টায় ইংরেজি বিভাগের মাসিক সাহিত্য সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

প্রফেসর ড. মোহীত উল আলমের নেতৃত্বে এবং ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। প্রভাষক জয়নব তাবাসসুম বানু সোনালীর সঞ্চালনায় সেমিনারে সহকারী অধ্যাপক কোহিনূর আক্তার তার ভাষাভিত্তিক গবেষণা পত্র ‘কম্পট্রাক্টিং সাস্টেইনাবিলিটি অর লেট দেম ডু ইট’ এবং সহকারী অধ্যাপক গাজী শাহাদাত হোসাইন তার সাহিত্যভিত্তিক গবেষণা পত্র ‘খালেদ

হোসেনিস আ থাউজেন্ড স্পেন্ডিড সানস : আ ফেমিনিস্ট ইন্টারপ্রিটেশন’ উপস্থাপন করেছেন।

সমসাময়িক দুটো অতি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে লিখিত এই দুই গবেষণাপত্র নিয়ে আলোচনা করার সময় প্রফেসর ড. মোহীত উল আলম উপস্থিত শিক্ষার্থী ও শিক্ষকদের গবেষণা চালিয়ে যাওয়ার অনুপ্রেরণা দেন। আলোচক হিসেবে সহকারী অধ্যাপক আব্দুর রহিম এবং প্রভাষক সৈয়দা সালমা আক্তার তাদের মূল্যবান মতামত প্রদান করেন। শেষে সভাপতি সাদাত জামান খানের সমাপনী বক্তব্যের মাধ্যমে শেষ হয় সেমিনার।

Ref: Daily Purbokone, Date: 01 January 2022, Page: 3, Col: 4

<https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-01-1>